

## লিবিয়ায় আটকে পড়া বাংলাদেশিদের ফিরিয়ে আনা প্রসঙ্গে আন্তঃ মন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত

ঢাকা- ২১ এপ্রিল

সম্প্রতি ত্রিপলীর নিয়ন্ত্রণ গ্রহণের লক্ষ্যে লিবিয়ার পূর্বাঞ্চলীয় জেনারেল হাফতার কর্তৃক যুদ্ধ ঘোষণা করায় সেখানে অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ত্রিপলী ও আশেপাশের শহরগুলিতে ৬০টি পরিবারসহ মোট ৫ হাজার বাংলাদেশী অবস্থান করছেন। এ পরিপ্রেক্ষিতে আজ সকাল-১১.০০ টায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ‘লিবিয়ায় আটকে পড়া বাংলাদেশিদের ফিরিয়ে আনা প্রসঙ্গে’ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আন্তর্জাতিক অভিবাসী সংস্থা (আইওএম) এর সমন্বয়ে একটি আন্তঃ মন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান।

সভায় কূটনৈতিক যোগাযোগের সূত্র উল্লেখ করে জানানো হয় যে, দুটি বিবদমান গুপের সংঘর্ষে বর্তমানে লিবিয়ার কোন কোন অংশে যুদ্ধাবস্থা বিরাজ করছে। এ পরিস্থিতিতে সেখানে অবস্থানরত বাংলাদেশিদের নিরাপত্তা বিধান ও প্রয়োজনবোধে ফিরিয়ে আনার লক্ষ্যে ত্রিপলীস্থ বাংলাদেশ দূতাবাসে ৩টি হটলাইন ও কন্ট্রোল রুম প্রতিষ্ঠা করা হয়েছে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান বলেন, লিবিয়ায় আটকে পড়া বাংলাদেশিদের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সরকার আন্তরিকভাবে কাজ করছে। প্রয়োজন হলে তাদেরকে নিরাপদে দেশে ফিরিয়ে আনা হবে এবং দেশে পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। এ প্রসঙ্গে আইওএম প্রতিনিধি জানান যে, লিবিয়ায় অবস্থানরত বাংলাদেশিদের প্রয়োজনীয় সবরকম সহযোগিতা দেওয়ার জন্য এ সংস্থা প্রস্তুত আছে।

এসময় সভায় উপস্থিত ছিলেন ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্মসচিব ড. মোঃ বশিরুল আলম, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক সেলিনা বানু, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক এএফএম আমিনুল ইসলাম ও আইওএম এর কান্ট্রি ডিরেক্টর মিঃ জর্জিও সহ অন্যান্য প্রতিনিধিবৃন্দ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- ০১৭১২-৩৮০৪৩৫

